দৈনিক আমাদের সময়

তারিখ ..29 NOV..2017.. ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম...৭.. ......

কাঁঠালতলী সপ্তগ্রাম মাধ্যমিক স্কুল অ্যান্ড কলেজ

# অধ্যক্ষের বিরুদ্ধে নানা অনিয়মের অভিযোগ

**পাথরঘাটা (বরগুনা) সংবাদদাতা ॥**
বরগুনার পাথরঘাটা উপজেলার কাঁঠালতলী সপ্তগ্রাম মাধ্যমিক স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ নজরুল ইসলামের বিরুদ্ধে স্বেচ্ছাচারিতাসহ নানা অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। গত রবিবার অভিভাবকরা এ ব্যাপারে বরগুনা জেলা প্রশাসকের কাছে অভিযোগ দিয়েছেন। জেলা প্রশাসক প্রয়োজনীয় পদক্ষেপ নিতে স্থানীয় উপজেলা নির্বাহী কর্মকর্তাকে নির্দেশ দিয়েছেন।

অভিযোগ সূত্রে জানা যায়, স্থানীয় বিধান চন্দ্র মজুমদার নামে এক ব্যক্তিকে সপ্তগ্রাম মাধ্যমিক স্কুল অ্যান্ড কলেজে মাধ্যমিকের কোটায় সহকারী গ্রন্থাগারিক পদে নিয়োগদানের কথা বলে তিন লাখ টাকা হাতিয়ে নেন অধ্যক্ষ নজরুল ইসলাম। সেই পদে পরে এমাদুল হক নামে আরেকজনকে নিয়োগ দেওয়া হয়েছে। এমাদুল হক জানান, চাকরির জন্য তাকে স্কুলের নামে ছয় কাঠা জমি এবং বিভিন্ন জায়গায় খরচ বাবদ ৪ লাখ ৭৫ হাজার টাকা দিতে হয়েছে।

একই স্কুলের শিক্ষক মুসা জানান, বিল করানোর জন্য তার কাছ থেকে ৭০ হাজার টাকা নেওয়া হয়েছে। অন্যান্য শিক্ষকের কাছ থেকেও ৩০ হাজার ও ৫০ হাজার করে টাকা নেওয়া হয়েছে বলেও জানান তিনি।

স্কুলের ম্যানেজিং কমিটির সদস্য মিজানুর রহমান পান্না, গোলাম মোস্তফা ও বেনজির আহম্মেদ রিপন জানান, অধ্যক্ষ একজন অর্থলোভী; তাদের না জানিয়ে ৩০ জনের অধিক ছাত্রছাত্রীর কাছ থেকে ৫ হাজার থেকে ৮ হাজার টাকা বেশি নিয়ে ফরম পূরণের সুযোগ দিয়েছেন।

এসব অভিযোগের বিষয়ে জানতে চাইলে অধ্যক্ষ নজরুল ইসলাম সব অভিযোগ অস্বীকার করেন।

এ ব্যাপারে বরগুনা জেলা প্রশাসক মো. মোখলেছুর রহমান জানান, নজরুল ইসলামের বিরুদ্ধে একটি অভিযোগ এসেছে। আমরা তদন্ত করে যথাযথ ব্যবস্থা নেব।

পাথরঘাটা উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. হুমায়ুন কবির জানান, গত সোমবার সন্ধ্যায় জেলা প্রশাসক বিষয়টি তাকে ফোনে অবহিত করেন। সঙ্গে সঙ্গে তিনি মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সঙ্গে কথা বলেছেন। এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়া হবে।